CC 26660
EIN 105653

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১৭০/৩০৭৫/ তারিখঃ ১৭.০৪.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে জনৈক মো: আশরাফ উদ্দিন ( ইউপি সদস্য ৫ নং ওয়ার্ড) একখানা অভিযোগপত্র দাখিল করেছেন। তাতে দেখা যায় মাদ্রাসার সুপার দীর্ঘদিন যাবত একচ্ছত্রভাবে নিজের মনগড়া কমিটি গঠন করে মাদ্রাসা পরিচালনা করছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক....০..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৭.০৪.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার,
দেবিদ্বার, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১৭০/ তারিখঃ .০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
৪. সুপার, মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা।
৫. মো: আশরাফ উদ্দিন( ইউপি সদস্য ৫ নং ওয়ার্ড), ২ নং ইউসুফপুর ইউনিয়ন, দেবিদ্বার, কুমিল্লা।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন নং৯৬৭৪৮৭৪

\\192.168.101.190\Shujon2\manik

তারিখঃ ২৭/১২/২০২৫ ইং

বরাবর,
রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

**বিষয়ঃ অনিয়মের মাধ্যমে মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা এর ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে। তাহা বাতিল করে পুনরায় জনসম্মুখে নির্বাচন কিংবা সিকেশন কমিটি গঠন করা প্রসেঙ্গ।**

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী ২নং ইউসুফপুর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের বর্তমান সদস্য মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসাটি আমার আওতাধীন ওয়ার্ডে অবস্থিত। উক্ত মাদ্রাসার সুপার জনাব মোঃ রেয়াজ উদ্দিন সাহেব দীর্ঘদিন যাবত অনিয়মের মাধ্যমে তার মনগড়া মত সিলেকশন কমিটি গঠন করে আসছে। যার ফলশ্রুতিতে মাদ্রাসার সার্বিক উন্নয়ন, সমগ্র এলাকা খুবের সৃষ্টি, বিশৃঙ্খলা, ঝগড়া, বিবাদ সহ নানা সমস্যা দেখা দিয়েছে। অত্র এলাকার ৭০/৮০ জন গণ্যমাণ্য ব্যক্তিবর্গ আমার নিকট এই বিষয়ে অভিযোগ করিলে আমি স্বশীরে মাদ্রাসায় উপস্থিত হইয়া সুপার সাহেবের সাথে বিস্তারিত আলোচনা করলে উনি সকলের উপস্থিতিতে কমিটি গঠন করবে বলে জানায়। কিন্তু তার কথার সাথে কাজের কোন মিল নাই। সে পূর্বের ন্যায় কাউকে অবগত না করাইয়া তার মনগড়া মত অশিক্ষিত লোক দিয়ে সিলেকশন কমিটি নির্বাচন করে। একাধিত অভিভাবক সদস্য কমিটিতে অংশগ্রহণ করতে চাইলেও তাদেরকে সে সুযোগ দেওয়া হয় নাই। তারা নিরুপায় হইয়া দেবিদ্বার উপজেলা নির্বাহী অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারের বরাবরে দরখাস্ত করে কোন ফল না পাইয়া হতাশ হইয়া পড়ে। এহনে পরিস্থিতিতে আপনার স্বরনাপন্ন হইলাম।

অতএব, জনাব সমীপে আকুল আবেদন সরেজমিনে তদন্ত সাপেক্ষে উক্ত মাদ্রাসাটি উন্নয়নের স্বার্থে বর্তমানে সিলেকশনে নির্বাচিত কমিটি বাতিল করে পুনরায় এলাকার সমস্ত লোকজনের উপস্থিতিতে সিলেকশন কিংবা নির্বাচিত কমিটি গঠন করার জন্য সবিনয়ে প্রার্থনা করছি।

নিবেদক


আশরাফ উদ্দিন ২৭/১২/২৫

**(মোঃ আশরাফ উদ্দিন)**
সদস্য ৫নং ওয়ার্ড
২নং ইউসুফপুর ইউনিয়ন, দেবিদ্বার, কুমিল্লা।
মোবাঃ ০১৯২১৮৫৬৩৬৭

<u>সংযুক্তিঃ</u>

১। উপজেলা নির্বাহী অফিসার/ মাধ্যমিক শিক্ষা অফিসার এর নিকট জমা দেওয়া দরখাস্তের কপি।
২। যে সকল গণ্যমান্য ব্যক্তিগণ বর্তমান কমিটি বাতিল করতে চাচ্ছেন তাদের স্বাক্ষরিত তালিকা।


আশরাফ উদ্দিন
Asraf Uddin
ID NO: 1314011057124



বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার দেবিদ্বার, কুমিল্লা।

বিষয়ঃ মহেশপুর সলিমুল্লাহ্ ইসলামিয়া দাখিল মাদ্রাসা পরিচালনা কমিটির ছাত্র/ছাত্রীর অভিভাবকদের প্রত্যক্ষ ভোটে নির্বাচন প্রসঙ্গে।

মাধ্যমিক শিক্ষা অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। ২০/১০/১৮

জনাব,
বিনীত প্রার্থনা এই যে, বিষয়ে বর্ণিত মাদ্রাসার শুরু থেকে আজ পর্যন্ত পরিচালনা কমিটি সুপার সাহেব তাঁর মনগড়া কমিটি গঠন করিয়া আসিতেছে। বিধায়, মাদ্রাসার শিক্ষাব্যবস্থা এর বিষয়ে সুষ্ঠু পরিচালনার অভাবে জীর্ণশীর্ণ অবস্থায় আছে। একটা [illegible] এর মাধ্যমে পরিচালনা কমিটি নির্বাচনের মাধ্যমে মাদ্রাসার প্রতি হিতাকাংক্ষী কমিটি গঠনের লক্ষ্যে আমরা এলাকাবাসী আশাবাদী।

অতএব, জনাবের সমীপে আমাদের এলাকাবাসীর আকুল আবেদন এইযে, একটা সুষ্ঠু নিরপেক্ষ কমিটির গঠনে আপনার সুদৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক
এডহক কমিটির সভাপতি
মোবারক উদ্দিন
২৭।১০।২০১৮

৩০/১০/১৮

বরাবর,

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।

বিষয়: মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার আসন্ন ম্যানেজিং কমিটি নির্বাচন প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার একজন অভিভাবক। আনপার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত দিনে মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার সুপার সাহেব তার ব্যক্তিগত মতামত অনুযায়ী এলাকাবাসীকে না জানিয়ে গোপনে অত্র প্রতিষ্ঠানের কমিটি গঠন করে আসছে। আমরা একাধিক প্রার্থী থাকা সত্ত্বেও তিনি তার একাকীত্ব কার্যক্রম পরিচালনা করে আসছেন। বিগত দিনের ন্যায় পরিচালনা কমিটি গঠনের পুনারাবৃত্তি যেন না ঘটে সেদিকে খেয়াল রাখার জন্য আপনার স্বরণাপন্ন হচ্ছি এবং সেই সাথে আমি একজন অভিভাবক সদস্য পদ-প্রার্থী।

অতএব, জনাব সমীপে আকুল আবেদন আমার দরখাস্ত মঞ্জুর করে ম্যানেজিং কমিটির নির্বাচনের পরিবেশ সৃষ্টি করে মাদরাসা ও ছাত্র-ছাত্রীদের কল্যাণ ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গঠনে আপনার সদয় মর্জি হয়।

নিবেদক
মোঃ বিপ্লব
পিতা- মৃ: ফজলু মেম্বার
গ্রাঃ- মহেশপুর -
পো: পূঃ মহেশপুর
দেবিদ্বার, কুমিল্লা
১৩/১১/১৮

সদয় অনুলিপি:

১। রেজিস্টার, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
২। জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।

বরাবর,

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।

বিষয়ঃ মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার আসন্ন ম্যানেজিং কমিটি নির্বাচন প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার একজন অভিভাবক। আনপার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত দিনে মহেশপুর পশ্চিম পাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার সুপার সাহেব তার ব্যক্তিগত মতামত অনুযায়ী এলাকাবাসীকে না জানিয়ে গোপনে অত্র প্রতিষ্ঠানের কমিটি গঠন করে আসছে। আমরা একাধিক প্রার্থী থাকা সত্ত্বেও তিনি তার একাকীত্ব কার্যক্রম পরিচালনা করে আসছেন। বিগত দিনের ন্যায় পরিচালনা কমিটি গঠনের পুনারাবৃত্তি যেন না ঘটে সেদিকে খেয়াল রাখার জন্য আপনার স্বরণাপন্ন হচ্ছি এবং সেই সাথে আমি একজন অভিভাবক সদস্য পদ-প্রার্থী।

অতএব, জনাব সমীপে আকুল আবেদন আমার দরখাস্ত মঞ্জুর করে ম্যানেজিং কমিটির নির্বাচনের পরিবেশ সৃষ্টি করে মাদরাসা ও ছাত্র-ছাত্রীদের কল্যাণ ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গঠনে আপনার সদয় মর্জি হয়।

নিবেদক

মোঃ [illegible]
পিতা- মৃঃ ছিদ্দিক মিয়া
সাং- মহেশপুর পঃ পাড়া
পোঃ অঃ মহেশপুর
দেবিদ্বার - কুমিল্লা
১০/১১/১৮

সদয় অনুলিপিঃ

১। রেজিস্টার, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
২। জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।